গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২৪.১৯৬ তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ছকের কলাম ০২-এ উল্লেখকৃত সাঁটলিপিকারগণ-কে গেজেটেড পদ মর্যাদায় 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতি প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে ০৩ নম্বর কলামে বর্ণিত কর্মস্থলে ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল' ২০১৫) স্কেলে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভিত্তিতে নিয়োগ করা হলো।

০২। উল্লেখ্য, পদোন্নতিপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা ইতোমধ্যে ১৬০০০-৩৮৬৪০ বা তদূর্ধ্ব স্কেলে বেতন আহরণ করলে, তাঁর বর্তমান আহরিত মূল বেতন বহাল রেখে বেতন নির্ধারণের ব্যবস্থা এবং জ্যেষ্ঠতা অক্ষুন্ন রেখে এই পদোন্নতির আদেশ জারি করা হলো।

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | পদায়িত কর্মস্থল (পদোন্নতিমুলে) |
|---|---|---|
| (০১) | (০২) | (০৩) |
| ১. | **বৈদ্যনাথ বর্মন**<br>পদবি : সাঁটলিপিকার,<br>জেলা জজ আদালত, পঞ্চগড় | **প্রশাসনিক কর্মকর্তা**<br>জেলা জজ আদালত, নীলফামারী |
| ২. | **মোহাম্মদ আব্দুল মান্নান**<br>পদবি : সাঁটলিপিকার,<br>জেলা জজ আদালত, টাংগাইল | **প্রশাসনিক কর্মকর্তা**<br>জেলা জজ আদালত, সিরাজগঞ্জ |
| ৩. | **প্রদীপ কুমার সরকার**<br>পদবি : সাঁটলিপিকার,<br>নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, নওগাঁ। | **প্রশাসনিক কর্মকর্তা**<br>জেলা জজ আদালত, ঠাকুরগাঁও |
| ৪. | **মোঃ আবদুল আজিজ**<br>পদবি : সাঁটলিপিকার,<br>নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা। | **প্রশাসনিক কর্মকর্তা**<br>দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১, ঢাকা |

০৩। উপর্যুক্ত পদোন্নতিপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তাগণ-কে তাঁদের বর্তমান নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নিকট ১২ এপ্রিল ২০২৬ তারিখ বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করার নির্দেশ প্রদান করা হলো।

০৪। শর্তাবলি:

(ক) নিয়োগের তারিখ থেকে ০১ (এক) বছর শিক্ষানবিসি মেয়াদ বহাল থাকবে;

(খ) শিক্ষানবিসি মেয়াদে তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে বিধি অনুযায়ী তাদের শিক্ষানবিসি মেয়াদ সর্বসাকুল্যে ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হবে;

(গ) শিক্ষানবিসি মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) সমাপনান্তে তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক হলে বিধিমোতাবেক তাদের স্থায়ী করা হবে; এবং

(ঘ) শিক্ষানবিসি মেয়াদে তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক না হলে কিংবা তাদের কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতীয়মান হলে সেক্ষেত্রে তাদেরকে পূর্ব পদে প্রত্যাবর্তন করানো হবে।

চলমান পাতা/০২

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা/-
(মোঃ মাসুম বিল্লাহ)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৫৫১০৮৮৬

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২৪.১৯৬/(১-২৬)

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ / ০৯ এপ্রিল ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ, নীলফামারী/টাঙ্গাইল/কুড়িগ্রাম/সিরাজগঞ্জ/ঠাকুরগাঁও/বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, নওগাঁ/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, কুমিল্লা/বিচারক (জেলা ও দায়রা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নীলফামারী/টাঙ্গাইল/নওগাঁ/কুমিল্লা/কুড়িগ্রাম/সিরাজগঞ্জ/ঠাকুরগাঁও।
১০. জনাব ------------------------------------, সাঁটলিপিকার, জেলা জজ আদালত, নীলফামারী/টাঙ্গাইল; নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, নওগাঁ/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, কুমিল্লা।

০৯/০৪/২০২৬
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email : section4@lawjusticediv.gov.bd